



সৌদি আরবে হুথি হামলার নিন্দা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের



ছবি: সংগৃহীত

সৌদি আরবের ওপর ইয়েমেনের হুথি গোষ্ঠীর হামলার ঘটনায় নিন্দা জানিয়েছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ। শুক্রবার (১৮ সেপ্টেম্বর) পরিষদের সদস্যরা এক বিবৃতিতে এ অবস্থান জানান।

বিবৃতিতে সৌদি আরবে হুথিদের ক্ষেপণাস্রম হামলার পাশাপাশি বাণিজ্যিক জাহাজে আক্রমণেরও নিন্দা করা হয়। একই সঙ্গে লোহিত সাগর ও বাব এল-মন্দেব প্রণালিতে জাহাজ চলাচলের ক্ষেত্রে হামলা ও হুমকির বিষয়টি উল্লেখ করে নিরাপদ নৌচলাচল নিশ্চিত করার প্রয়োজনীয়তার কথা জানানো হয়েছে।

জাহাজ ও নাবিকদের নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার ওপরও জোর দিয়েছে নিরাপত্তা পরিষদ। পাশাপাশি হুথিদের সামরিক উত্তেজনা বাড়ানো থেকে বিরত থাকা এবং বেসামরিক মানুষ ও বেসামরিক স্থাপনায় হামলা বন্ধ করার আহ্বান জানিয়েছে পরিষদ।

LENS ASIA